পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং- ০১

১৮ মাঘ, ১৪২৯
তারিখ ঃ -------------------
০১ ফেব্রুয়ারি, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর

প্রিয় মহোদয়,

**Near Field Communication (NFC) প্রযুক্তিতে Contactless Payment Service দ্বারা কার্ড-ভিত্তিক লেনদেনের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

প্রযুক্তিগত উৎকর্ষতার ফলে কার্ড-ভিত্তিক ইলেকট্রনিক লেনদেন ক্রমান্বয়ে গ্রাহকের নিকট জনপ্রিয় হচ্ছে। জনসাধারণের চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পিএসডি সার্কুলার নং ০৩, তারিখঃ ১২ জুলাই ২০১৮ এর মাধ্যমে গ্রাহক স্বার্থ এবং লেনদেনের নিরাপত্তা নিশ্চিতকরতঃ কার্ডের মাধ্যমে Near Field Communication (NFC) প্রযুক্তিতে Contactless Payment Service এর অনুমতি প্রদান করা হয়। এক্ষণে, কার্ড-ভিত্তিক লেনদেনের বৃদ্ধি ও বাজারের প্রয়োজনীয়তা বিবেচনা করে এবং ইলেকট্রনিক লেনদেনে সর্বসাধারণকে উৎসাহিত করার লক্ষ্যে NFC প্রযুক্তিভিত্তিক কার্ডের Contactless লেনদেন আরো সহজ ও কার্যকর করার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলোঃ

১. EMVCo Compliant ডেবিট, ক্রেডিট ও প্রি-পেইড কার্ডে NFC প্রযুক্তি ব্যবহার করে Contactless লেনদেন পরিচালনা করা যাবে।

২. NFC প্রযুক্তির মাধ্যমে সংঘটিত কার্ডভিত্তিক একক লেনদেনে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা পর্যন্ত PIN/2FA ব্যবহারের বাধ্যবাধকতা শিথিল করা হলো।

৩. NFC প্রযুক্তি ব্যবহার করে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার অধিক অর্থের লেনদেনের ক্ষেত্রে কার্ডটি Point of Sale (POS) এ ট্যাপ করাসহ গ্রাহকের PIN/2FA উক্ত POS এ প্রদান করে লেনদেনটি সম্পন্ন করতে হবে।

৪. ২ ও ৩ নং এ উল্লিখিত প্রতিটি লেনদেনের তথ্য SMS এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে গ্রাহককে অবহিত করতে হবে।

৫. কার্ড ইস্যুয়িং ব্যাংক/প্রতিষ্ঠান NFC প্রযুক্তির মাধ্যমে একক লেনদেনের সর্বোচ্চ সীমা ও একক কার্ডে সংঘটিত দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যা স্ব স্ব ঝুঁকি বিবেচনায় নির্ধারণ করতে পারে।

৬. গ্রাহকের পূর্বানুমতি ব্যতীত গ্রাহকের অনুকূলে ইস্যুকৃত NFC প্রযুক্তি সম্বলিত কার্ডে Contactless লেনদেন কার্যকর করা যাবে না। গ্রাহক তার নিজস্ব পছন্দ অনুযায়ী NFC কার্ড দিয়ে Contact লেনদেন করতে পারবে এবং এ ধরনের লেনদেন সম্পাদনের ক্ষেত্রে গ্রাহককে Issuer এবং Acquirer উভয়ই পূর্ণ সহযোগিতা করবে।

চলমান পৃষ্ঠাঃ ০২

৭. NFC প্রযুক্তি সম্বলিত কার্ড ইস্যুকারী ব্যাংক/প্রতিষ্ঠানসমূহ গ্রাহক সচেতনতার লক্ষ্যে NFC প্রযুক্তিযুক্ত সকল কার্ড, মার্চেন্ট অবস্থান (Merchant Point) এবং Point of Sale (POS) মেশিনে স্পষ্টভাবে দৃশ্যমান "Contactless logo" প্রদর্শনের ব্যবস্থা করবে, যাতে সহজেই NFC প্রযুক্তি সম্বলিত কার্ড অন্য কার্ড থেকে পৃথক করা সম্ভব হয় এবং এ ধরনের কার্ডের মাধ্যমে লেনদেন গ্রহণকারী মার্চেন্টকে সহজেই সনাক্ত করা যায়। ব্যাংক/প্রতিষ্ঠানসমূহ NFC প্রযুক্তি সম্বলিত কার্ডের বৈশিষ্ট্য, নিরাপদ ব্যবহার বিধি, লেনদেনের সীমা এবং ঝুঁকি সম্পর্কে গ্রাহকগণকে স্পষ্টভাবে অবহিত করবে।

৮. ব্যাংক/প্রতিষ্ঠানসমূহকে হারিয়ে যাওয়া/চুরি হওয়া NFC প্রযুক্তি সম্বলিত কার্ড সম্পর্কে গ্রাহকের নিকট হতে একাধিক উপায়ে (website/e-mail/SMS/Call Centre etc.) তথ্য/অভিযোগ গ্রহণের ব্যবস্থা রাখতে হবে। গ্রাহকের নিকট হতে যে কোন ধরনের অভিযোগ প্রাপ্তির সাথে সাথে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯. NFC সংশ্লিষ্ট শিথিলতাসমূহ ATM এবং Card Not Present (CNP) এর লেনদেনের জন্য প্রযোজ্য হবে না।

১০. পিএসডি সার্কুলার নং-০৩/২০১৮, পিএসডি সার্কুলার নং-০৪/২০২১ এর ক্রমিক নং ৩(ঘ) এবং পিএসডি সার্কুলার লেটার নং-০১/২০২২ রহিত করা হলো।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোতাছিম বিল্লাহ)
পরিচালক (পিএসডি)
ফোন: ৯৫৩০১৭৪